

বদল

তৈমুর খান

দিন যায়। আমরাও বদলাই
নিতান্ত মরুর পাহাড়ে বেঁচে থাকা
ঘাসের শরীরে, অদ্ভুত মায়াবি ক্ষুধায়

পোকাকার মতন সংসারে কিছুটা সবুজবর্ণ
গোপন নীলাক্ত মাধুরি
প্রতিদিন খেয়ে ফেলি জীবনান্ত পথ

এক ধরনের বর্ণক্লেদ কেবল মূর্ছনা ফেলে
তখন পৃথিবীও প্রাচীন সভ্যতা
আবেগের গুহায় গুহায় অন্ধকার

বৃপান্তরের পাথরে শুধু ঘর্ষণ
আর মসৃণ সংলাপে বশ্যতার পরিধি বিস্তার
আমরা শুধু জড়ো করি হাড়, প্রবৃত্তিপরাগ

তোমায় নিয়ে

মতিয়ার রহমান

তোমার চোখে যদি নদী এঁকে দিই
বুকের মাঝখানে পাহাড়
বলার কী আছে কার!

তোমার চোখের দিকে অপলক তাকিয়ে
লিখতে পারি ১০১ প্রেমের কবিতা
সুনীল আকাশ রোদ্দুর সকাল!

তুমি যতই হও নিষ্ঠুরা
কবিতার পাণ্ডুলিপিকে পাঠাও জতুগৃহে
আমি মোমের আলোয় তোমার মুখাবয়ব দেখব
খুঁজে নেব শরীরের গোপন জড়ুল।